

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১১৬৯

১২/ শিশুদের দুগ্ধপান (كتاب الرضاع)

পরিচ্ছেদঃ গায়রত ও আত্মমর্যাদাবোধ।

باب مَا جَاءَ فِي الْغَيْرَةِ

আরবী

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ حَبِيبٍ، عَنِ الْحَجَّاجِ الصَّوَّافِ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " إِنَّ اللَّهَ يَغَارُ وَالْمُؤْمِنُ يَغَارُ وَغَيْرَةُ اللَّهِ أَنْ يَأْتِيَ الْمُؤْمِنُ مَا حَرَّمَ عَلَيْهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رُوِيَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عُرْوَةَ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْحَدِيثُ وَكِلَا الْحَدِيثَيْنِ صَحِيحٌ . وَالْحَجَّاجُ الصَّوَّافُ هُوَ الْحَجَّاجُ بْنُ أَبِي عُثْمَانَ وَأَبُو عُثْمَانَ اسْمُهُ مَيْسَرَةُ وَالْحَجَّاجُ يُكْنَى أَبَا الصَّلْتِ وَثَقَّهُ يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ . حَدَّثَنَا أَبُو بَكْرِ الْعَطَّارُ عَنْ عَلِيِّ بْنِ الْمَدِينِيِّ قَالَ سَأَلْتُ يَحْيَى بْنَ سَعِيدٍ الْقَطَّانَ عَنْ حَجَّاجِ الصَّوَّافِ فَقَالَ ثِقَةٌ فَطِنٌ كَيْسٌ .

বাংলা

১১৬৯. হুমায়দ ইবনু মাসআদা (রহঃ) আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয়ই আল্লাহ তা'আলা গায়রত সম্পন্ন আর মুমিনও গায়রাত সম্পন্ন (আত্মমর্যাদায় আঘাত হলে যে মানসিক অবস্থার সৃষ্টি হয় তাকে গায়রত বলে।)। মুমিন যখন কোন হারাম কাজে লিপ্ত হয় তখন হয় আল্লাহর গায়রত। - বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৬৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা ও আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবু দ্বিদ (রহঃ) বলেন, আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-গারীব। ইয়াহইয়া ইবনু আবী কাছীর-আবু সালামা-উরওয়া-আসমা বিনত আবী বাকর রাদিয়াল্লাহু আনহু -নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রেও হাদীসটি বর্ণিত আছে। উভয় রিওয়ায়াতই সাহীহ। রাবী হাজ্জাজ সাওওয়াফ হলেন হাজ্জাজ ইবনু আবু উছমান। আবু উছমানের নাম হলো মায়সারা, হাজ্জাজের কুনিয়াত বা উপনাম হলো আবুস-সালত। ইমাম ইয়াহইয়া ইবনু সাঈদ

আল-কাত্তান তাঁকে 'ছিকাহ' বা নির্ভরযোগ্য রাবী বলেছেন। আবু বকর আত্তার (রহঃ) আলী ইবনু আবদিব্লাহ্ মাদানী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, হাজ্জাজ সাওয়াফ সম্পর্কে ইয়াহইয়া ইবনু সাঈদ কাত্তান (রহঃ)-কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, হাজ্জাজ সাওয়াফ বুদ্ধিমান ও সতর্ক।

English

Abu Hurairah narrated that The Messenger of Allah said:
“Allah becomes jealous and the believer becomes jealous. Allah’s jealousy occurs when a believer does what He has made unlawful for him.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18361>

📖 হাদিসবিডি প্রজেক্টে অনুদান দিন